সমকাল

তারিখ ... 08 JUN 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ......

# নারায়ণগঞ্জে বিদ্যালয় ভবন নির্মাণে ভিত্তিপ্রস্তর স্থাপন

নারায়ণগঞ্জের দেওভোগ এলাকায় রোববার শিক্ষা মন্ত্রণালয়ের ৮৬ লাখ টাকা অর্থায়নে বিদ্যানিকেতন হাই স্কুলের একটি ৬ তলা ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। এ উপলক্ষে বিদ্যালয় পরিচালনা পরিষদের সভাপতি ও দৈনিক সংবাদের ব্যবস্থাপনা সম্পাদক কাশেম হুমায়ুনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিভাগীয় কমিশনার হেলালুদ্দিন আহমেদ।

এ সময় আরও উপস্থিত ছিলেন নারায়ণগঞ্জ জেলা প্রশাসক আনিসুর রহমান মিঞা, অতিরিক্ত জেলা প্রশাসক শাহিন আরা বেগম, জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আবদুস ছামাদ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী আনোয়ার হোসেন, বিদ্যানিকেতন স্কুল ট্রাস্টের সেক্রেটারি দেলোয়ার হোসেন চুন্নু, বিদ্যালয়ের প্রধান শিক্ষক নারায়ণ চন্দ্র সাহা, ট্রাস্টি সদস্য শাহনাজ বেগম ও শিক্ষানুরাগী কাশেম জামাল। পরে বিদ্যালয়ের শিক্ষার্থীদের পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। অনুষ্ঠানে ঢাকা বিভাগীয় কমিশনার হেলালুদ্দিন আহমেদ বলেন, পৃথিবীতে একমাত্র বাংলাদেশ যেখানে জানুয়ারির প্রথম দিনে এক কোটি শিক্ষার্থীর হাতে বিনা মূল্যে পাঠ্যপুস্তক তুলে দেওয়া হয়।

উল্লেখ্য, ২০০৭ সালে মাত্র ৪০ জন শিক্ষার্থী নিয়ে যাত্রা শুরু করে বিদ্যানিকেতন হাই স্কুল। বর্তমানে এই স্কুলে শিক্ষার্থীর সংখ্যা প্রায় এক হাজার। সংবাদ বিজ্ঞপ্তি।